গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৩, ঢাকা।
ফোনঃ ২২২২১৫৮৭৫।

স্মারক নং-উঃ বিঃ প্রঃ-১৩/ ৪৪৪

তারিখঃ ২০/০২/২০২৫ ইং

বিষয় ঃ বৈদ্যুতিক দূর্ঘটনা এড়াতে বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবহারের সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, ঢাকার শেরে বাংলা নগরস্থ শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ অব নার্সিং এর বিভিন্ন সরকারী দপ্তর সমূহে এবং উক্ত কলেজ সংলগ্ন এলাকায় সরকারী অফিস, বাসাবাড়ি/স্টাফ কোয়ার্টার সমূহে সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, বিভিন্ন স্থানে স্থাপিত বৈদ্যুতিক পয়েন্ট হতে এলোমেলোভাবে বৈদ্যুতিক পয়েন্টের ক্ষমতার অতিরিক্ত বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবহার করা হচ্ছে মর্মে দৃশ্যমান হয়। এতে করে প্রায়শই সকেট সমূহ পুড়ে বৈদ্যুতিক দূর্ঘটনা সৃষ্টি হচ্ছে। এহেন বৈদ্যুতিক দূর্ঘটনা এড়ানোর জন্য নির্দিষ্ট পয়েন্ট হতে যত্রতত্র ক্ষমতায় অতিরিক্ত বৈদ্যুতিক সরঞ্জামাদি ব্যবহার হতে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। অতিরিক্ত বৈদ্যুতিক সকেটের প্রয়োজনীয়তার সাপেক্ষে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরের দায়িত্বপ্রাপ্ত প্রতিনিধির উপস্থিতি এবং সহায়তায় যেকোন ধরনের বৈদ্যুতিক সংযোগের ব্যবস্থা এবং উপযোগিতা যাচাই করণ পূর্বক বৈদ্যুতিক ইকুইপমেন্ট ব্যবহার করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। পরবর্তীতে এহেন পরিস্থিতির পুনরাবৃত্তি যেন না হয় সে ব্যাপারে তাঁর সদয় নির্দেশনা এবং অবগতির জন্য প্রেরণ করা হলো।

২০/০২/২০২৫

(আসিফ রহমান নাহিদ)
উপ-বিভাগীয় প্রকৌশলী
গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৩
শেরে বাংলা নগর, ঢাকা।

অধ্যক্ষ
কলেজ অব নার্সিং
শেরে বাংলা নগর, ঢাকা।

স্মারক নং-উঃ বিঃ প্রঃ-১৩/

তারিখঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-৩, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-৭, শেরে বাংলা নগর, ঢাকা।

উপ-বিভাগীয় প্রকৌশলী
গণপূর্ত ই/এম উপ-বিভাগ-১৩
শেরে বাংলা নগর, ঢাকা।

CamScanner